

# শব্দহারা

মাহমুদা রঞ্জু

গুলির শব্দে নিঃস্তর ভাষার শব্দ ।  
শব্দহারা  
দৃষ্টিতারা ।  
হৃদয় পাথর  
চিন্তা নিথর ।

পিলখানার দুর্ভেদ্য দেয়ালের ভেতর  
আদর্শিক মানুষের মন্তিক্ষে  
জানোয়ারের মগজ কিভাবে চুকে গেল ?

সহোদরের লাশে গণকবর ?  
এ কোন হানাদার ?  
বাংগালী জোয়ানের শরীরে হায়নার রক্ত ?  
এ অৰূপ রক্তস্নাত মাটির গর্জে, নাড়িতে সৃষ্ট ?

হে বঙ্গজননী ! প্রশ্নের জবাব তোমাকে  
পেতেই হবে, আমাকে দিতেই হবে ।

আর কতোকাল বৃড়িগঙ্গা বইবে সন্তানের লাশ ?  
আর কতদিন বাতাসকে বইতে হবে বারুদের গন্ধ ?  
আরও কতবার হৃদয়বিদারক আর্তনাদে কবর দিতে হবে স্বজন ?  
স্বাধীনতা কি সোনার পাথরবাটি ?

মানুষের চেয়ে বিচ্ছিন্ন জীব  
বোধকরি বিধাতা আর একটিও সৃষ্টি করেননি ।

এ পৃথিবীর সবচেয়ে হালকা অস্ত্র, কলম ।  
এর কিছু শব্দের প্রয়োজন ।  
যার চয়নে প্রতিরোধের কামান তোপে  
ধৰংস হোতে পারে  
হায়নাদের সমস্ত প্রজন্ম ।

কিন্ত, সত্য এই  
এখানে শব্দেরাও নিষ্ঠক ।

আহারে দুঃখিনী বাংলা !!  
এক দুঃখের দরজা পেরিয়ে ভরসার ঘরে  
পা রাখতেই  
আসে অন্য রকম দুঃখ ।  
আহারে বাংলাদেশ ! আহারে!!!!  
শব্দহারা  
দৃষ্টিতারা ।  
হৃদয় পাথর  
চিন্তা নিথর ।

২৬ ফেব্রুয়ারী ২০০৯